# বাংলার চিরন্তন ঐতিহ্যকে ফিরিয়ে আনতে প্রস্তুত: মুখ্যমন্ত্রী

আজকালের প্রতিবেদন

পশ্চিমবঙ্গ তার চিরন্তন ঐতিহ্যকে ফিরিয়ে আনতে প্রস্তুত। সাধারণ মানুষের স্বপ্ন পূরণের জন্য গৌরবময় অধ্যায় লিখতেও তৈরি। অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মার এক্স হ্যান্ডলে পোস্টের জবাবে লিখলেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। অসমের মুখ্যমন্ত্রী একটি পোস্টে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর উদ্দেশে লেখেন, অসম নিজের ভূমিকা পালন করেছে। এবার বাংলার সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরার পালা। বাংলায় এক নতুন অধ্যায়ের সূচনা হোক। লক্ষ লক্ষ মানুষের হৃদয় জয় করুক। উত্তরে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী লেখেন, অসম সাংস্কৃতিক গর্বের ক্ষেত্রে এক উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে। সমগ্র পূর্ব ভারতের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে উঠেছে। পশ্চিমবঙ্গও তার চিরন্তন ঐতিহ্যকে ফিরিয়ে আনতে এবং সাধারণ মানুষের স্বপ্ন পূরণের জন্য এক গৌরবময় অধ্যায় লিখতে প্রস্তুত।

উল্লেখ্য, ২০২৩ সালে অসমের বিহু নাচে ১১ হাজারের বেশি শিল্পীকে নিয়ে অনুষ্ঠানের আয়োজন করেছিল সেখানকার রাজ্য সরকার। সরুসজাই স্টেডিয়ামে আয়োজিত সেই অনুষ্ঠানের নেতৃত্বে ছিলেন মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা। অসমের ঐতিহ্যবাহী বিহু উৎসব এবং ঐতিহ্যবাহী বিহু নৃত্য ওই বছর এপ্রিল মাসে গিনেস ওয়ার্ল্ড রেকর্ডস-এ ইতিহাস সৃষ্টি করে। এ রাজ্যের সরকার পশ্চিমবঙ্গের ঐতিহ্য দুর্গাপুজোর মাধ্যমেও বাংলার সংস্কৃতি, কৃষ্টি, ঐতিহ্যকে তুলে ধরতে প্রস্তুতি নিচ্ছে।

# পুরুলিয়ায় আজ মুখ্যমন্ত্রী

দীপেন গুপ্ত
পুরুলিয়া, ১৯ সেপ্টেম্বর

রবিবার পুরুলিয়ায় আসছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। প্রথমে পুরুলিয়ার টামনা থানার কড়াডি ময়দানে আসবেন তিনি। সেখানে আদিবাসী কুড়মি সমাজের করম নাচ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। সেখানে বাংলা, ঝাড়খণ্ড ও ওড়িশার জনপ্রতিনিধি এবং কুড়মি সমাজের মানুষজনও থাকবেন। এই কড়াডি ময়দানে ৪০ হাজার করম নাচের দল নৃত্য পরিবেশন করবে। এরপর মুখ্যমন্ত্রী পুরুলিয়া শহরের সার্কিট হাউসে প্রশাসনিক বৈঠক করবেন। তারপর পুরুলিয়া শহরের রবীন্দ্র ভবনে বৈঠক করার কথা রয়েছে তাঁর। শনিবার টামনা থানার কড়াডি ময়দানে হেলিকপ্টার ট্রায়াল হয়। মাঠ পরিদর্শন করেন পুরুলিয়ার সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো-সহ পাঁচ বিজেপি বিধায়ক এবং অন্যান্য বিজেপি নেতা-কর্মী ও কুড়মি সমাজের নেতৃত্ব। এই কর্মসূচি ঘিরে নিরাপত্তার চাদরে মুড়ে ফেলা হয়েছে এলাকা।

# মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা

আজকালের প্রতিবেদন

রাধাষ্টমীর শুভেচ্ছা জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। শনিবার ছিল রাধাষ্টমী। মুখ্যমন্ত্রী এদিন সমাজমাধ্যমে লেখেন, 'সকলকে জানাই পবিত্র রাধাষ্টমীর আন্তরিক শুভেচ্ছা ও শুভকামনা। রাধারানির কৃপায় সকলের জীবন ভালবাসা, শান্তি, সুখ ও সমৃদ্ধিতে ভরে উঠুক।'

DESUN HOSPITAL
B.Sc ও GNM নার্সিং পড়ার সুবর্ণ সুযোগ
সুখবর! ১২ ক্লাস পাশ ছাত্রীদের জন্য
ELIGIBILITY CRITERIA (as per INC guidelines)
GNM Nursing: Passed 10+2
B.Sc. Nursing: Passed 10+2 and appeared in JENPAS-UG 2026 and /or NEET-UG 2026
Desun Nursing School & College
(A Desun Hospital Initiative)
Approved By: INC | WBNC | WBUHS
90 5171 5171
www.desunnursing.in

# হেরিটেজ ট্যুরিস্ট সার্কিটে আসবে বাগবাজার গৌড়ীয় মঠ: মুখ্যমন্ত্রী

আজকালের প্রতিবেদন

হেরিটেজ ট্যুরিস্ট সার্কিটে আসবে বাগবাজার গৌড়ীয় মঠ। শনিবার রাধাষ্টমীতে বাগবাজার শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ প্রতিষ্ঠিত গৌড়ীয় মঠে একথা জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তিনি বলেন, 'রাধাষ্টমীর মাহাত্ম্য সর্বত্র চর্চিত হচ্ছে। আমি ভক্ত হিসেবে এসে রাধারানিকে প্রণাম, আরতি ও ভগবানের কাছে প্রসাদ নিবেদন করেছি। প্রশাসনিক কর্মকর্তাদের নিয়ে একটি বৈঠক করেছি এখানে। কীভাবে বাগবাজার গৌড়ীয় মঠকে আরও এগিয়ে নিয়ে যেতে পারি, সে বিষয়ে বৈঠকে কিছু পরিকল্পনা নেওয়া হয়েছে। এই সরকার ভারতের সনাতন সংস্কৃতির ধারা বয়ে নিয়ে যাবে। হেরিটেজ কমিশনে এই মঠ মন্দির গুরুত্বপূর্ণ জায়গা পাবে। এখানে একটি নতুন প্রকল্প হবে। তার প্ল্যান করার জন্যে পুরসভায় কোনও অর্থ দিতে হবে না। হবে পার্কিং, মাল্টিপারপাস অডিটোরিয়াম। এর বাইরে ছাত্রাবাস, বৃদ্ধাবাস-সহ নানা ভবিষ্যৎ পরিকল্পনা নিয়েছে গৌড়ীয় মঠ। আমাদের মধ্যে অনেক সময় ভেদাভেদ করার চেষ্টা করা হয়। বিভক্ত হবেন না। আমরা সবাই ভারতীয়, সবাই হিন্দুস্তানি। আমাদের পশ্চিমবঙ্গের মাটি পবিত্র মাটি।'

এদিন গৌড়ীয় মঠে বিশেষ অনুষ্ঠানে অংশ নেন মুখ্যমন্ত্রী। রাধারানির আবির্ভাবতিথি উপলক্ষে গৌড়ীয় মিশনের উদ্যোগে এ বছর ১০৭তম বর্ষে পদার্পণ করেছে রাধাষ্টমী মহোৎসব। এদিন সন্ধেয় গৌড়ীয় মঠে যান মুখ্যমন্ত্রী। রাধাকৃষ্ণের বিগ্রহের সামনে আরতিতে অংশ নেন। পুষ্প, ধূপ ও প্রদীপের আরতির মধ্য দিয়ে রাধারানির আরাধনায় শামিল হন হয় হরিনাম সঙ্কীর্তন। ছিলেন গৌড়ীয় মঠের আচার্য ও সভাপতি ভক্তিসুন্দর সন্ন্যাসী মহারাজ। এসেছিলেন মন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী, বিধায়ক রীতেশ তিওয়ারি, উত্তর কলকাতা জেলা বিজেপি সভাপতি তমোঘ্ন ঘোষ প্রমুখ।

# ক্ষতিগ্রস্ত ৩২ লক্ষ কৃষক উপকৃত

● ১ পাতার পর

তাঁর কথায়, '২০১৯-২০ সালে পূর্বতন মমতা ব্যানার্জির সরকার এই প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা (পিএমএফবিওয়াই) প্রকল্পে কৃষকদের নথিভুক্তিকরণ বন্ধ করে দিয়েছিল। যার ফলে এ রাজ্যের কৃষকরা দীর্ঘ দিন এই আর্থিক সুরক্ষা থেকে বঞ্চিত ছিলেন। তবে রাজ্যে বিজেপি সরকার ক্ষমতায় আসার পর কৃষকদের স্বার্থকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে ফের এই শস্য বিমার সুবিধে চালু করা হয়েছে। নতুন সরকারের অধীনে প্রথম দফার নথিভুক্তিকরণ শুরু হয়েছে। আর প্রথম দফাতেই কৃষকদের অভূতপূর্ব সাড়া মিলেছে।

সমাজমাধ্যমে মুখ্যমন্ত্রী জানিয়েছেন, 'পশ্চিমবঙ্গের কৃষক ভাইবোনেরাই আমাদের শক্তি ও প্রেরণা। তাঁদের ফসলের সুরক্ষা ও ন্যায্য অধিকার নিশ্চিত করতে আমরা সর্বদা পাশে আছি।'

শিশু কিশোর আকাদেমি
তথ্য ও সংস্কৃতি বিভাগ। পশ্চিমবঙ্গ সরকার
রাজ্যব্যাপী আয়োজিত
ছবি আঁকা প্রতিযোগিতা
আমার স্বপ্নের ভারত
২ অক্টোবর ২০২৬। দুপুর ১টা
কলকাতাসহ সমস্ত জেলায় এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে
কলকাতায় প্রতিযোগিতার স্থান: উত্তীর্ণ, আলিপুর
'ক' বিভাগ- প্রথম থেকে চতুর্থ শ্রেণি এবং 'খ' বিভাগ- পঞ্চম থেকে একাদশ শ্রেণি
নাম নথিভুক্তকরণের শেষ তারিখ ২৯ সেপ্টেম্বর ২০২৬
যোগাযোগ: শিশু কিশোর আকাদেমি, ১এ, রিফর্মেটরি স্ট্রিট, আলিপুর, কলকাতা ৭০০ ০২৭ • রবীন্দ্রসদন 'বইচই' কাউন্টার
দূরভাষ ০৩৩ ২২২৩ ৬২১০ • ই-মেল skakademi@gmail.com • এবং পশ্চিমবঙ্গের সমস্ত জেলা ও মহকুমা তথ্য ও সংস্কৃতি দপ্তর
ICA-D1429(9)/2026

# দুই তৃণমূলকে কটাক্ষ শমীকের

আজকালের প্রতিবেদন

দুই তৃণমূলের নতুন প্রতীক নিয়ে কটাক্ষ করলেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। শনিবার নিউ টাউনে এক অনুষ্ঠানে এসে তিনি বলেন, 'দল তো খাম হয়ে গেছে। একজনকে খাম করে দিয়েছে, আরেকজনকে সাইড লাইনের বাইরে দৌড়ানোর জন্য বল দিয়ে দিয়েছে। ও সাইড লাইনের বাইরে দৌড়াবে আর এ খাম হয়ে ভিতরে ঢুকবে।' সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি আরও বলেন, 'ভাল বা কালো তৃণমূল সবাই অপরাধী। এরা প্রত্যেকে ডিম থেরাপিতে আক্রান্ত। এঁদের ভ্যাকসিন খোঁজার দায়িত্ব বিজেপির নয়।'

# মহুয়াকে ডিম কেন, 'ব্যাখ্যা' দিলীপের

আজকালের প্রতিবেদন
শিলিগুড়ি, ১৯ সেপ্টেম্বর

তৃণমূল লোকসভা সাংসদ মহুয়া মৈত্রের বিরুদ্ধে তীব্র ক্ষোভ উগরে দিলেন কেন্দ্রীয় মন্ত্রী দিলীপ ঘোষ। রাষ্ট্রসঙ্ঘে আবেদন জানানো থেকে শুরু করে কৃষ্ণনগরের সাংসদের একের পর এক বিতর্কিত ভূমিকার জন্য মানুষের এই ক্ষোভ, শনিবার বাগডোগরা বিমানবন্দরে সাফ জানান তিনি। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সাম্প্রতিক বঙ্গ সফরে মুসলিম পুলিশ ও প্রশাসনিক কর্তাদের দূরে সরিয়ে রাখার অভিযোগ তুলে সরাসরি রাষ্ট্রসঙ্ঘে দরবার করেন সাংসদ মহুয়া মৈত্র। এই প্রসঙ্গে কৃষ্ণনগরের তৃণমূল সাংসদকে তীব্র ভাষায় বিঁধে দিলীপ ঘোষ ব্যাখ্যা করেন, 'দেশের বিচারব্যবস্থা বা আদালতের ওপর বিশ্বাস না রেখে সরাসরি আন্তর্জাতিক মঞ্চে নালিশ জানানোই মহুয়া মৈত্রের প্রতি মানুষের ক্ষোভের প্রধান কারণ।'

# বাঁশি-হারা হুমায়ুন পেলেন টেবিল

● ১ পাতার পর

৬ অক্টোবর রাজ্যের দুই বিধানসভা কেন্দ্র নন্দীগ্রাম ও রেজিনগরে উপনির্বাচন। তার আগে শুক্রবার থেকেই প্রতীক-জটিলতায় জড়ায় হুমায়ুন কবিরের আম জনতা উন্নয়ন পার্টি। এবারের বিধানসভা নির্বাচনের আগে নতুন দল গড়ে বাঁশি প্রতীকে লড়াই করলেও উপনির্বাচনে আদৌ সেই প্রতীক ব্যবহার করা যাবে কি না, তা নিয়ে সংশয়ে পড়েছিলেন তিনি। শনিবার তাঁর আশঙ্কাই সত্যি হল। 'বাঁশি' তাঁদের হাত থেকে কেড়ে নিয়ে নির্বাচন কমিশন দিয়েছে তামিলনাড়ুর শাসকদল টিভিকে-কে। ২০২১ সালের নির্বাচনের ঠিক আগেই নতুন দল ঘোষণা করেছিলেন আব্বাস সিদ্দিকি। হাতে সময় বেশি না-থাকায় নির্বাচন কমিশন থেকে কোনও প্রতীক পাননি তাঁরা। তাই বাধ্য হয়ে বিহারের রাষ্ট্রীয় সেকুলার মজলিস পার্টির খাম চিহ্ন নিয়ে ভোটে লড়ে আইএসএফ। পঞ্চায়েত এবং লোকসভা ভোটেও ওই খাম প্রতীক নিয়েই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেছিল।

# রেজিনগরের প্রার্থী জানালেন, লড়বেন

● ১ পাতার পর

তা ছাড়া তাঁদের কর্মী ও সমর্থকদের ভয় দেখানো হচ্ছে। এর পরই মমতার ফোন আসে। কথা হয় কিছুক্ষণ। রবিউলের কথায়, 'প্রার্থীপদ প্রত্যাহারের সিদ্ধান্ত আমি নিয়েছিলাম। দিদি আমাকে আশ্বাস দিয়েছেন। উনি যেমন বলবেন, তেমনই করব।' রবিবার থেকে আনুষ্ঠানিক ভাবে প্রচার শুরু করবেন রবিউল।

পুলিশ পেল ইলেকট্রিক বাইক। কলকাতার নিরাপত্তা আরও জোরদার করতে এবার 'আল্ট্রা ভায়োলেট এক্স ৪৭ স্কাই ফোর্স' কলকাতা পুলিশকে দিল ক্রসওভার ইলেকট্রিক মোটরসাইকেল। মোট ১৮৩টি মোটরসাইকেল দেওয়া হল। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ছিলেন কলকাতার নগরপাল অজয় নন্দ, সংস্থার সিইও এবং সহ-প্রতিষ্ঠাতা নারায়ণ সুব্রহ্মণ্যম, অতিরিক্ত নগরপাল অশেষ বিশ্বাস এবং ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর ও চেয়ারম্যান পি বি সেলিম। এই বাইকগুলি ইলেকট্রিক টু-হুইলার। ঘণ্টার পর ঘণ্টা ছুটতে পারে। ইতিমধ্যেই কলকাতার কয়েকটি ট্র্যাফিক গার্ডে এই বাইক দেওয়া হয়েছে। লালবাজারে। ছবি: দীপক গুপ্ত

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD
ইন্ডিয়ান ব্যাঙ্ক
বেগমপুর স্টেশন রোড
বেগমপুর, জেলা-হুগলি, পশ্চিমবঙ্গ-৭১২৩০৬
পরিশিষ্ট IV-A
[রুল ৯(১)-এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]
স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদার(গণ) এর প্রতি বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতা-এর কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ নিম্ন উল্লিখিত স্থাবর সম্পত্তি, ইন্ডিয়ান ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতা-এর ঋণগ্রহীতা(গণ), জামিনদার(গণ) এর থেকে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য ইন্ডিয়ান ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতা-এর অনুমোদিত আধিকারিক এখানে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তির বাস্তবিক দখল নিয়েছেন যা ০৮.১০.২০২৬ তারিখের সকাল ১০টা থেকে বিকাল ৪টায় 'যেখানে আছে', 'যা কিছু আছে' এবং 'যেমন আছে' ভিত্তিতে বিক্রি করা হবে।

| ক) অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতার নাম<br>খ) শাখার নাম | সম্পত্তির বিবরণ | সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক | ক) সংরক্ষণ মূল্য<br>খ) ইএমডি অর্থাঙ্ক<br>গ) বিড বাড়ানোর মূল্য<br>ঘ) সম্পত্তির আইডি<br>ঙ) সম্পত্তির ওপর দায়<br>চ) দখলের প্রকৃতি |
|---|---|---|---|
| মিসেস সাহানা মিত্র গোস্বামী, স্বামী- মিঃ তারক নাথ গোস্বামী, ৩৭৫, সাপুইপাড়া, নিশ্চিন্দা, লালবাড়ি, বালি, হাওড়া, পশ্চিমবঙ্গ, পিন-৭১১২২৭/৪২, বিআরবি সরণি, শ্রীরামপুর, হুগলি, পিন-৭১২২০১, পশ্চিমবঙ্গ<br>মিঃ সম্রাট মিত্র, পিতা- মিঃ গোপাল চন্দ্র মিত্র, ৩৭৫, সাপুইপাড়া, নিশ্চিন্দা, লালবাড়ি, বালি, হাওড়া, পশ্চিমবঙ্গ, পিন-৭১১২২৭/৪২, বিআরবি সরণি, শ্রীরামপুর, হুগলি, পিন-৭১২২০১, পশ্চিমবঙ্গ<br>শাখা: বেগমপুর | জি+৪ তলবিশিষ্ট বিল্ডিংয়ের ৫ নং ফ্লোরে দক্ষিণ-পূর্ব অংশে সামান্য কমবেশি ৮৮০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাট নং ৫০১-এর অপরিহার্য অংশ পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- বালি, জে এল নং ১৪, আর এস দাগ নং ৬২২৩, এল আর দাগ নং ২২৬০৩, আর এস ও এল আর খতিয়ান নং ৮৩৫, বালি গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, পোঃঅঃ- বালি, থানা- নিশ্চিন্দা, জেলা- হাওড়া। এডিএসআর- হাওড়া সমীপে বই নং I, ভলিউম নং ০৫০২-২০১৯, পৃষ্ঠা নং ৭২৫০ থেকে ৭২৮৬-তে নথিভুক্ত ১১.০১.২০১৯ তারিখের বিক্রয় দলিল নং ১৭১/২০১৯ অনুসারে সম্পত্তির মালিকানা যৌথরূপে মিসেস সাহানা মিত্র (গোস্বামী) ও সম্রাট মিত্রের নামে। | ₹১৯,৪৪,৩৪০/- (উনিশ লক্ষ চুয়াল্লিশ হাজার তিনশো চল্লিশ টাকা মাত্র) ১৬.০৮.২০২৩ অনুযায়ী তৎসহ উদ্ভূত সুদ, মাশুল, অন্যান্য চার্জ ও খরচ। | ক) ₹১১,০০,০০০/- (এগারো লক্ষ টাকা মাত্র)<br>খ) ₹১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার টাকা মাত্র) ০৮.১০.২০২৬ বিকাল ৪টার মধ্যে জমা করতে হবে<br>গ) ₹১০,০০০/- (দশ হাজার টাকা মাত্র)<br>ঘ) IDIB50472012744<br>ঙ) অনুমোদিত আধিকারিকের সর্বশেষ জ্ঞান ও তথ্য অনুসারে সম্পত্তির উপর কোনও দায় নেই।<br>চ) বাস্তবিক দখল |

ই-নিলামের তারিখ ও সময়: তারিখ: ০৮.১০.২০২৬; সময়: সকাল ১০টা থেকে বিকেল ৪টা
ই-নিলাম পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম: https://baanknet.com

অনলাইন বিডে অংশ নেওয়ার জন্য বিডারগণকে আমাদের ই-নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ-এর ওয়েবসাইট (https://baanknet.com) দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে ৮২৯১২২০২২০ নম্বরে কথা বলুন। রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক support.baanknet@psballiance.com মেল আইডি-তে যোগাযোগ করবেন।
সম্পত্তির বিশদ তথ্যাবলি এবং সম্পত্তির ছবি সমেত নিলামের শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক https://baanknet.com ওয়েবসাইট দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহপূর্বক পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ এর এই নম্বরে যোগাযোগ করবেন: ৮২৯১২২০২২০।
https://baanknet.com ওয়েবসাইটে এই সম্পত্তিগুলি খোঁজার সময় বিডারগণকে ওপরে উল্লেখমতো সম্পত্তির আইডি নম্বর ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে।

যোগাযোগের ব্যক্তি: ১. বিশ্বজিৎ পাসওয়ান, ব্রাঞ্চ ম্যানেজার (মোবাইল : ৮৯৪২০৭২০৬৬) ২. বিদ্যানেশ্বর প্রসাদ, অনুমোদিত আধিকারিক (মোবাইল : ৮২৫০৬৫৫৮৬৬)

দ্রষ্টব্য: সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ জামিনদার(গণ)-এর প্রতিও এটি একটি নোটিস

তারিখ: ১৯.০৯.২০২৬
স্থান: ব্যান্ডেল
স্বা/-
অনুমোদিত আধিকারিক, ইন্ডিয়ান ব্যাঙ্ক

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD
কড়িধ্যা শাখা
বড়বাগান, কড়িধ্যা, জেলা বীরভূম
পশ্চিমবঙ্গ, পিন-৭৩১১০৩
স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট IV-A [রুল ৮(৬)-এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ-সহ বিশেষত ইন্ডিয়ান ব্যাঙ্ক, কড়িধ্যা শাখা (সুরক্ষিত ঋণদাতা)-এর কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ইন্ডিয়ান ব্যাঙ্ক, কড়িধ্যা শাখা (সুরক্ষিত ঋণদাতা)-এর অনুমোদিত আধিকারিক মেসার্স মুখার্জি এন্টারপ্রাইজ, ঠিকানা পোঃ-বড়বাগান (কমলা প্রিন্টার্সের নিকটে), থানা সিউড়ি, জেলা-বীরভূম, পশ্চিমবঙ্গ, পিন-৭৩১১০৩-এর থেকে ২৮.০৪.২০২৬ তারিখের ভিত্তিতে সুরক্ষিত ঋণদাতার পাওনা বাবদ ₹৩৭,০৬,৮২৫.০০ (সাঁইত্রিশ লক্ষ ছয় হাজার আটশো পঁচিশ টাকা মাত্র), তৎসহ ২৮.০৪.২০২৬ থেকে উদ্ভূত সুদ, মাশুল, অন্যান্য চার্জ ও খরচ পুনরুদ্ধারের জন্য এখানে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তির প্রতীকী দখল নিয়েছেন যেটি ২৮.১০.২০২৬ তারিখে 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে বিক্রি করা হবে।
ই-নিলামের মাধ্যমে বিক্রির জন্য নির্ধারিত সম্পত্তির নির্দিষ্ট তথ্য এখানে নীচে দেওয়া হল:

| ক্রম নং | ক) অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতার নাম ও ঠিকানা<br>খ) শাখার নাম | স্থাবর সম্পত্তির বিশদ বিবরণ | সুরক্ষিত ঋণদাতার অনাদায়ী পাওনা | ক) সংরক্ষণ মূল্য<br>খ) বায়না জমা (ইএমডি)<br>গ) বিড বাড়ানোর মূল্য<br>ঘ) প্রপার্টি আইডি<br>ঙ) সম্পত্তির ওপর দায়<br>চ) দখলের প্রকৃতি |
|---|---|---|---|---|
| ১ | ক) মেসার্স মুখার্জি এন্টারপ্রাইজ, ঠিকানা পোঃ-বড়বাগান (কমলা প্রিন্টার্সের নিকটে), থানা সিউড়ি, জেলা-বীরভূম, পশ্চিমবঙ্গ, পিন-৭৩১১০৩<br>২. মিঃ অপূর্ব মুখার্জি (প্রোপ্রাইটর) (ঋণগ্রহীতা/বন্ধকদাতা) ঠিকানা পোঃ-বড়বাগান (কমলা প্রিন্টার্সের নিকটে), থানা সিউড়ি, জেলা-বীরভূম, পশ্চিমবঙ্গ, পিন-৭৩১১০৩<br>৩. শ্রী জয় মুখার্জি (সহ-ঋণগ্রহীতা/বন্ধকদাতা/জামিনদার) ঠিকানা পোঃ-বড়বাগান (কমলা প্রিন্টার্সের নিকটে), থানা সিউড়ি, জেলা-বীরভূম, পশ্চিমবঙ্গ, পিন-৭৩১১০৩<br>৪. শ্রী অয়ন মুখার্জি (জামিনদার) ঠিকানা পোঃ-বড়বাগান (কমলা প্রিন্টার্সের নিকটে), থানা সিউড়ি, জেলা-বীরভূম, পশ্চিমবঙ্গ, পিন-৭৩১১০৩<br>৫. মিসেস শিপ্রা মুখার্জি (জামিনদার) ঠিকানা পোঃ-বড়বাগান (কমলা প্রিন্টার্সের নিকটে), থানা সিউড়ি, জেলা-বীরভূম, পশ্চিমবঙ্গ, পিন-৭৩১১০৩<br>খ) কড়িধ্যা শাখা | মিঃ জয় কুমার মুখার্জি, পিতা প্রয়াত শ্যাম বিলাস মুখার্জির নামে জমি ও আবাসবাড়ির সমবন্ধক, যার অবস্থান: সিউড়ি বড়বাগান, পোঃ বড়বাগান, থানা সিউড়ি, জেলা বীরভূম, পিন-৭৩১১০৩, মৌজা ব্রজেরগ্রাম, জে এল নং ১০৪, খতিয়ান নং ২৮০, এল আর দাগ নং ৪৩, জমির প্রকৃতি-বাস্তু, জমির মাপ-৩.০ ডেসিমেল, কড়িধ্যা গ্রাম পঞ্চায়েতের অধীন। ১৯৯০ সালের দলিল নং I-৭১৫ এর ভিত্তিতে, কনভার্সন কেস নং ২৮/৯০, তারিখ ০৯.১১.১৯৯০। | ₹৩৭,০৬,৮২৫.০০ (সাঁইত্রিশ লক্ষ ছয় হাজার আটশো পঁচিশ টাকা মাত্র), ২৮.০৪.২০২৬ অনুযায়ী, তৎসহ ২৮.০৪.২০২৬ থেকে উদ্ভূত সুদ, মাশুল, অন্যান্য চার্জ ও খরচাপাতি | ক) ₹৩১,৬৩,৫০০.০০ (*) (একত্রিশ লক্ষ তেষট্টি হাজার পাঁচশো টাকা মাত্র)<br>খ) ₹৩,১৬,৩৫০.০০ (তিন লক্ষ ষোল হাজার তিনশো পঞ্চাশ টাকা মাত্র)<br>গ) ₹১০,০০০.০০ (দশ হাজার টাকা মাত্র)<br>ঘ) IDIB50062663146<br>ঙ) ব্যাঙ্কের জানা নেই<br>চ) প্রতীকী দখল |

(*) বিক্রয়মূল্য অবশ্যই নির্ধারিত সংরক্ষণ মূল্য অপেক্ষা বেশি হতে হবে।

পরিদর্শনের তারিখ: ২৩.১০.২০২৬ থেকে ২৭.১০.২০২৬; সময়: সকাল ১০টা থেকে বিকেল ৪টে
ই-নিলামের তারিখ ও সময়: তারিখ: ২৮.১০.২০২৬; সময়: সকাল ১১টা থেকে বিকেল ৪টা
ই-নিলাম পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম: https://baanknet.com

অনলাইন বিডে অংশ নেওয়ার জন্য বিডারগণকে আমাদের ই-নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ-এর ওয়েবসাইট (https://baanknet.com) দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ-এর ৮২৯১২২০২২০ হেল্পলাইন নম্বরে অথবা সার্ভিস প্রোভাইডারের হেল্পডেস্কে উপলব্ধ অন্যান্য হেল্পলাইন নম্বরে কথা বলুন (ই-মেল: support.baanknet@psballiance.com)। রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক support.baanknet@psballiance.com মেল আইডি-তে যোগাযোগ করবেন। সম্পত্তির বিশদ তথ্যাবলি এবং সম্পত্তির ছবি সমেত নিলামের শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক https://baanknet.com ওয়েবসাইট দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহপূর্বক এই হেল্পডেস্ক নম্বরে যোগাযোগ করবেন: ৮২৯১২২০২২০।
https://baanknet.com ওয়েবসাইটে এই সম্পত্তিগুলি খোঁজার সময় বিডারগণকে ওপরে উল্লেখমতো সম্পত্তির আইডি নম্বর ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে।

দ্রষ্টব্য: সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) / বন্ধকদাতা(গণ) / জামিনদার(গণ)-এর প্রতিও এটি একটি নোটিস

তারিখ: ১৮.০৯.২০২৬
স্থান: কড়িধ্যা
অনুমোদিত আধিকারিক
ইন্ডিয়ান ব্যাঙ্ক

Bandhan Bank
আঞ্চলিক কার্যালয়: নেতাজি মার্গ, মিঠাখালি সিক্স রোডসের নিকটে, এলিসব্রিজ, আহমেদাবাদ-6, ফোন: +91-26421671-75

প্রতীকী দখলের বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, 2002-এর রুল 3-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, 2002-এর 13(12) ধারাধীনে অর্পিত ক্ষমতা প্